দৈনিক খবর

তারিখ 03.SEP 1992
পৃষ্ঠা ১৫ কলাম ৪

96

# ফরহাদ হত্যাকারীদের বিচার দাবীতে অনশন

।। স্টাফ রিপোর্টার ।।

ঢাকা কলেজের মেধাবী ছাত্র মোল্লা ফরহাদ হোসেনের হত্যাকারীদের গ্রেফতার ও বিচারের দাবীতে ছাত্রলীগ (মে-ই) গতকাল বুধবার জাতীয় প্রেস ক্লাবের সামনে প্রতীক অনশন কর্মসূচী পালন করেছে। উল্লেখ্য, গত ২৫শে আগস্ট বাকুশাহ মার্কেটে ব্যবসায়ীদের হাতে ফরহাদ হোসেন নিহত হয়েছিলেন।

অনশনরত ঢাকা কলেজের ছাত্রদের সাথে সংহতি জানিয়ে বক্তব্য রাখেন সাবেক ছাত্র নেতা জসীমুদ্দিন আহমেদ, বাংলাদেশ ছাত্রলীগের সাধারণ সম্পাদক ইকবালুর রহিম, যুগ্ম-সম্পাদক ইসহাক আলী খান পান্না, প্রচার সম্পাদক আফজাল বাবু, শিক্ষা ও পাঠচক্র সম্পাদক অজয় রায় খোকন, ঢাকা-মহানগর (উত্তর)-এর সভাপতি মঞ্জুরুল ইসলাম অঞ্জু, ঢাকা বিশ্বঃ শাখার সাধারণ সম্পাদক পঙ্কজ দেবনাথ, কেন্দ্রীয় সদস্য লিয়াকত আলী সিকদার, কাজী তারিক কায়কোবাদ, কেন্দ্রীয় সদস্য ও ঢাকা কলেজ শাখার সভাপতি আবদুল আউয়াল শামীম, কেন্দ্রীয় সদস্য ও ঢাকা কলেজ শাখার সম্পাদক গোলাম রাব্বানী চিনু, কেন্দ্রীয় সদস্য জাহাঙ্গীর কামাল, ঢাকা কলেজ শাখার দপ্তর সম্পাদক অলোক বণিক প্রমুখ।

সংহতি বক্তব্যে বক্তাগণ বলেন, ফরহাদ হত্যাকান্ড গোটা জাতিকে হতবাককরেছে।

বক্তাগণ অবিলম্বে ফরহাদ হত্যাকারীদের গ্রেফতার ও বিচার দাবী করে বাকুশাহ মার্কেটস্থ জায়গায় হোস্টেল নির্মাণসহ ঢাকা কলেজের ছাত্রদের নয় দফা দাবী মেনে নেয়ার আহবানজানান।

দুপুর ২টায় বাংলাদেশ ছাত্রলীগের সাবেক সভাপতি ও কেন্দ্রীয় আওয়ামী লীগ নেতা বিশিষ্ট সাংবাদিক ওবায়দুল কাদের অনশনকারীদের শরবত পান করিয়ে অনশন ভঙ্গ করান।